

জেলা

ফিলিস্তিনের ৫০ ছাত্রীকে বিনা খরচে পড়াবে ড্যাফোডিল ইউনিভার্সিটি

নিজস্ব প্রতিবেদক সাতার



বাংলাদেশে নিয়ন্ত্রিত ফিলিস্তিনের বাস্তুসংস্থ ইন্সটিটিউট এম এমসিই বাস্তুসংস্থের কাছে ফিলিস্তিনের গাজার ৫০ ছাত্রীকে বিনা খরচে পড়ানোর আশ্বাস

By using this site, you agree to our Privacy Policy. [OK](#)

ফিলিস্তিনের গাজার ৫০ ছাত্রীকে বিনা খরচে পড়ানোর ঘোষণা দিয়েছে ঢাকার সাভারে অবস্থিত বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) কর্তৃপক্ষ। আজ রোববার সাভারে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি পরিদর্শন করেন বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান। এ সময় তিনি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ ব্যবস্থাপনা পর্যায়ের সঙ্গে বৈঠক করেন।

বৈঠকে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষ ফিলিস্তিনের গাজার ৫০ ছাত্রীর জন্য সম্পূর্ণ বিনা খরচে বৃত্তি ঘোষণা করেন। আজ সন্ধ্যায় এক বিজ্ঞপ্তির মাধ্যমে এসব তথ্য জানায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষ। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান আজ রোববার ডিআইইউ পরিদর্শন করেন এবং বিশ্ববিদ্যালয়ের শীর্ষ ব্যবস্থাপনা পর্যায়ের সঙ্গে এক সভায় মিলিত হন। সভায় ডিআইইউ কর্তৃপক্ষ ফিলিস্তিনের গাজা এলাকার ৫০ ছাত্রীর জন্য সম্পূর্ণ বিনা খরচে বৃত্তি প্রদানের ঘোষণা করে। এ বৃত্তির অধীন ৫০ ছাত্রী চলতি বছরের ফল সেমিস্টারে একাডেমিক প্রয়োজনীয়তা পূরণ সাপেক্ষে সম্পূর্ণ বিনা খরচে বৃত্তিসহ ১ জুলাই শিক্ষা কার্যক্রম শুরু করতে পারবেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ডিআইইউ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য ড্যাফোডিল স্মার্ট সিটিতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মেয়েদের আবাসিক হলগুলোতে আবাসনের সুবিধা প্রদান করবে। শিক্ষার্থীদের গুণগত শিক্ষার পাশাপাশি তাঁদের সাইকো সোশ্যাল সাপোর্টও নিশ্চিত করা হবে। নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জীবিকা নির্বাহের বিষয়ে ডিআইইউ ক্যাম্পাসে তাঁদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যকর জীবনযাপন এবং অধ্যয়নের পরিবেশ নিশ্চিত করার জন্য উপযুক্ত স্পনসর খুঁজতে একসঙ্গে কাজ করবে। এই বৃত্তি প্রদানের মাধ্যমে ডিআইইউ উচ্চাকাঙ্ক্ষী শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণের জন্য একটি ঘরোয়া ও অনুকূল পরিবেশ প্রদান করতে সক্ষম হবে এবং দুই দেশের মধ্যে বন্ধুত্ব ও সমর্থনের একটি নতুন দিগন্ত উন্মোচিত হবে।

অনুষ্ঠানে ডিআইইউর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো. সবুর খান, উপাচার্য এম লুৎফর রহমান, সহ-উপাচার্য এস এম মাহাবুব উল হক মজুমদার, ট্রাস্টি বোর্ডের সদস্য মোহাম্মদ ইমরান হোসেন, বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক সৈয়দ আক্তার হোসেন, বাণিজ্য ও উদ্যোক্তা বৃত্তি অনুষদের ডিন মো. মাসুম ইকবাল, হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেস অনুষদের ডিন মো. বেলাল হোসেন, রেজিস্ট্রার নাদির বিন আলী এবং আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য মোহাম্মদ মাহাবুবুর রহমান উপস্থিত ছিলেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

By using this site, you agree to our Privacy Policy.

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.